# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ পুরুষের সাজ-সজ্জা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মোচ বা গোঁফ

পুরুষের অধরে (নিচের ঠোঁটে) থাকবে দাড়ি এবং ওষ্ঠে (উপরের ঠোঁটে) থাকবে মোচ। আর এই মোচ হবে ছেঁটে ছোট করা।

আল্লাহর রসূল (ﷺ) বলেন, “তোমরা দাড়ি ছেড়ে দাও, মোচ ছেঁটে ফেলো।”[1]

তিনি আরো বলেন, “যে ব্যক্তি তার মোচ ছাঁটে না, সে আমার দলভুক্ত নয়।”[2]

তিনি সাহাবী মুগীরাহ বিন শো’বাকে (ঠোঁটের নিচে) দাঁতন রেখে মোচ ছাঁটার নির্দেশ দিয়েছেন অথবা তিনি নিজে মুগীরার মোচ ঐভাবে ছেঁটে দিয়েছেন।[3]

তিনি বলেন, “তোমরা মোচ খুব ছোট করে ছেঁটে ফেল।” (বুখারী)

বলাই বাহুল্য যে, খুব ছোট করে (চামড়া বের করে) অথবা দাঁতন রেখে (কাঁচি দিয়ে) মোচ ছেঁটে ফেলা সুন্নাত। (ব্লেড বা ক্ষুর দিয়ে) গোঁফ চাঁছা সুন্নাত নয়। বরং সুন্নাত হল, ছেঁটে ছোট করা। সুন্নাত নয় কিছু চেঁছে এবং মাঝে বা উপরে সরু করে গোঁফ ছেড়ে রাখা।

বৈধ নয় মাঝখান কামিয়ে দুই সাইডে লম্বা টাঙ্গি মোচ রাখা। যেহেতু তাতে রয়েছে বিজাতির সাদৃশ্য।

অবশ্য মোচ লম্বা হলে পানি বা অন্য কিছু পান করার সময় মোচের সাথে স্পর্শ হলে তা হারাম হয়ে যায় না। কারণ ‘মোচের পানি হারাম’ কথাটির দলীল পাওয়া যাচ্ছে না।

## ফুটনোট

[1]. আহমাদ, সহীহুল জা’মে হা/১০৬৭

[2]. তিরমিযী, ২৭৬২, সহীহুল জা’মে হা/৬৫৩৩

[3]. আহমাদ, আবূ দাঊদ হা/১৮৮, মিশকাত হা/ ৪২৩৬

Source — https://www.hadithbd.com/books/link/?id=7509

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন